জয় বাংলা

গণ প্রজাতন্ত্রী বাংলা দেশ
সরকার

৩৫, সেগুন বাগিচা, ঢাকা-২
২০শে জুলাই, ১৯৭২

শ্রদ্ধেয় ভাই সাহেব,

আমার সালাম গ্রহণ করবেন। আপনার অসুখের কথা শুনে অত্যন্ত মর্মাহত হয়েছি। আশা করি সেরে শীঘ্র আরোগ্য লাভ করবেন।

হুমায়ুন এবং ফাতেমা এসেছিল। তাঁদের মুখে সব শুনেছি। মনে হয় আপনি নানা কারণে খুব চিন্তাগ্রস্ত হয়ে পড়েছেন। আপনার অসুখের মূল কারণও তাই। আপনার কাছে আমার অনুরোধ মন থেকে সব চিন্তা মুছে ফেলে দিন। হুমায়ুন আপনাকে নিয়ে আসবেন। এখানে চিকিৎসার ব্যবস্থা করব। এখন যে-ওষুধ এবং পথ্য বিধান করা হয়েছে দয়া করে তা' পালন করবেন। অন্যথা হলে কষ্ট বাড়বে। নিয়মিত চলনে ইনশা আল্লাহ অচিরে আরোগ্য লাভ করবেন বলে এমনকার ডাক্তারদেরও মত।

সাংসারিক বিষয় নিয়ে দুঃখ করে আপনি আর কষ্ট পাবেন না। আপনি সুস্থ হলে সে সব আমি দেখব। আপনি জানেন। আপনার মত ধীর-স্থির চিন্তাশীল লোক এসময়ে রুখে কেন, সারা দেশেই ধস নামে। সব অব্যবস্থা সামলে নেওয়ার ক্ষমতা এবং প্রতিভা আপনার আছে। কারণের ঘরের বিষয় ব্যক্তিগতভাবে আমি দেখব। কিন্তু আপনার স্বাস্থ্য ভাল না হলে কিছু করা সম্ভব হবে না।

গত যুদ্ধে দেশের সব মানুষের কোন না কোন ক্ষতি হয়েছে। যাদের বাড়ী-ঘর, বিষয় সম্পত্তি নষ্ট হয়েছে তারা কিছু না কিছু পুনর্গঠন করতে পারবেন। কিন্তু

যাদের আপনি ক্ষতি করেছেন সে ক্ষতির পূরণ কোন দিন সম্ভব হবে না। এরপর থেকেই সান্ত্বনা পাওয়া যেতে পারে। আপনি কোন চিন্তা করবেন না। অন্যকে যারা অন্যায়-অবিচার করে থাকে তারা কোন পর্যায় সুখী হতে পারে না। আমি সব শুনেছি। সে সব ব্যাপার দেখব, আপনি এ নিয়ে মন খারাপ করবেন না।

চাচার নিকট আমার সালাম রইল। ভাবীকে আমার সালাম দেবেন।=

আপনার স্নেহের
আবুল কাশেম

জনাব আবিদুল্লাহ খান
সাবু তরফদার